# উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

## ঝিকরগাছা, যশোর।

সভাপতি : নাহিদ আক্তার
প্যানেল চেয়ারম্যান-১
ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর।

তারিখ : ৩১ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ, সময় : সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, ঝিকরগাছা, যশোর।

সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক।

ক) সভার প্রারম্ভেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন, দুর্নীতি দমন কমিশনের (দুদক) সহকারী পরিচালক কর্তৃক ২০০৯ সালে ঢাকার ধানমন্ডী থানায় ঝিকরগাছা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোছাঃ সাবিরা সুলতানার বিরুদ্ধে দায়ের করা মামলায় (যার নম্বর: ১৩/১০) গত ১২ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখে ঢাকার বিশেষ জজ আদালত (৭) বিচারক দুর্নীতি দমন আইন ২০০৪ সালের ২৬ (২) ধারায় ০৩ (তিন) বছর ও ২৭ (১) ধারায় ০৩ (তিন) বছর সহ মোট ০৬ (ছয়) বছর কারাদণ্ড প্রদান করেন এবং রায়ে দণ্ডের পাশাপাশি তাকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা করেন। জরিমানা অনাদায়ে তাকে আরও ০৩ (তিন) মাস কারাভোগ করতে হবে। তবে উভয় সাজা একত্রে চলবে বলে রায়ে উল্লেখ করা হয়েছে এবং জ্ঞাত আয় বহির্ভূতভাবে অর্জিত ১ কোটি ৭৮ হাজার ১৩৫ টাকা ৮৪ পয়সা সরকারের অনুকূলে বাজেয়াপ্তের নির্দেশ দেওয়া হয় এবং বর্ণিত মামলায় গত ১৭ জুলাই ২০১৮ খ্রি: তারিখে বিশেষ জজ আদালত (৭) এ আইনজীবীর [illegible] জনাব মোছাঃ সাবিরা সুলতানা। শুনানি শেষে আদালত তার জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন এবং বর্তমানে তিনি কারাগারে আছেন মর্মে বিভিন্ন জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশিত সংবাদ সূত্রে জানা যায়। এহেন অবস্থায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোছাঃ সাবিরা সুলতানার অনুপস্থিতে উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ জনাব নাহিদ আক্তার অদ্যকার সভায় সভাপতিত্ব করছেন। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছাকে সভা পরিচালনার অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। তা'তে কোনরূপ পরিবর্ধন, সংশোধন ও বিয়োজন ব্যতিত গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়করণ হয়।

খ) সভায় বিভাগওয়ারী আলোচনাসহ গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হল।

| ক্রম | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | স্থায়ী কমিটি | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা জানান যে, বারংবার অনুরোধ করা সত্ত্বেও উপজেলার বিভিন্ন দপ্তরের স্থায়ী কমিটির দ্বি-মাসিক সভাসমূহ নিয়মিত হচ্ছে না। স্থায়ী কমিটির কার্যবিবরণী ছাড়া উপজেলা পরিষদের মাসিক সভায় কোন বিভাগভিত্তিক আলোচনা করার কোন সুযোগ না থাকায় তিনি সরকারি নির্দেশনা মোতাবেক প্রতিমাসে নিয়মিতভাবে বিভাগভিত্তিক স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য-সচিবকে পুনঃ অনুরোধ জানান। | সংশ্লিষ্ট দপ্তরের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিতকরণ নিমিত্ত সংশ্লিষ্ট কমিটির সভাপতি তথা উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয় এবং সদস্য-সচিব তথা উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তর প্রধানকে অনুরোধ জানানোর হয়। | সভাপতি ও সদস্য সচিব, ১৭ টি স্থায়ী কমিটি, ঝিকরগাছা |
| ০২ | উপজেলা পরিষদ 'মাসিক সভার কার্যপত্র প্রেরণ প্রসঙ্গে | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা জানান উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীতে যুক্তকরণের নিমিত্ত স্ব-স্ব দপ্তরের কার্যপত্রের হার্ডকপি ও সফট কপি সভা অনুষ্ঠানের কমপক্ষে ০৩ (তিন) কর্ম দিবস পূর্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের পূর্বানুরোধ থাকা সত্ত্বেও অধিকাংশ দপ্তর নির্দেশিতভাবে কার্যপত্র প্রেরণ করে না। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলা প্রকৌশলীর দপ্তর ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর থেকে কার্যপত্র পাওয়া গেছে। আগামী সভার কমপক্ষে ০৩ কার্য দিবস পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | পরবর্তি মাসিক সভার ০৩ (তিন) কার্য দিবস পূর্বে মাসিক সভায় অন্তর্ভুক্ত স্ব-স্ব বিভাগ ও ইউনিয়ন পরিষদের কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | স্ব-স্ব বিভাগীয় প্রধান ও চেয়ারম্যান, সকল ইউপি |



Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | গ্রাম আদালত | উপজেলা নির্বাহী অফিসার বলেন, ইউনিয়ন পরিষদ থেকে প্রতি মাসের ০১ তারিখে গ্রাম আদালত রিপোর্ট অত্র অফিসে পাঠানোর পূর্বাদেশ রয়েছে। কিন্তু যাচিতমতে উপজেলার গঙ্গানন্দপুর, মাগুরা, ঝিকরগাছা, পানিসারা, নির্বাসখোলা ও শংকরপুর ইউপি ব্যাতীত অন্য ইউপি থেকে বর্ণিত প্রতিবেদন না পাওয়ায় তিনি সভায় ক্ষোভ প্রকাশ করেন। বিষয়টি দু:খজনক ও অনভিপ্রেত। তিনি নিয়মিত গ্রাম আদালতের প্রতিবেদন প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | প্রতি মাসের ০১ তারিখে পূর্ববর্তী মাসের গ্রাম আদালত রিপোর্ট অত্র অফিসে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে তাগিদপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা |
| ০৪ | সমন্বিত উন্নয়ন উদ্যোগ | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, অত্র উপজেলার শিমুলিয়া ইউনিয়নের রাজাপুর ও রাধানগর গ্রামে পাইলট প্রকল্প হিসেবে "সমন্বিত উন্নয়ন উদ্যোগ" গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট কমিটিকে প্রতিমাসের ০১ তারিখের মধ্যে বর্ণিত উদ্যোগ বাস্তবায়নের সার্বিক প্রতিবেদন অত্রাফিসে প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ''সমন্বিত উন্নয়ন উদ্যোগ'' যথাযথভাবে বাস্তবায়ন ও সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০১ তারিখের মধ্যে আবশ্যিকীয়ভাবে অত্রাফিসে প্রেরণের জন্য কমিটির সভাপতিকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিকরগাছা |
| ০৫ | ভিক্ষাবৃত্তিকে না বলুন | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা জানান যে, উপজেলার সকল ভিক্ষুককে ইতোমধ্যে পুনর্বাসন উপকরণ বিতরণের মধ্যে দিয়ে ভিক্ষুকমুক্ত উপজেলা ঘোষণা করা হয়েছে। তিনি আরও বলেন, তদ্ব্যতীত যদি কোন নতুন এবং প্রকৃত ভিক্ষুক পাওয়া যায় তার বিস্তারিত বিবরণী উপজেলা প্রশাসনের কাছে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | ''ভিক্ষাবৃত্তিকে না বলুন'' শীর্ষক শ্লোগানটি স্ব-স্ব ইউনিয়নে ব্যাপক প্রচার নিমিত্ত সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | (ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন ঝিকরগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরকার কর্তৃক প্রদত্ত এক্স-রে মেশিনের ফিল্ম সরবরাহ অপ্রতুল হওয়ায় স্থানীয়ভাবে ৬০০ টি ফিল্ম সংগ্রহ করা হয়। যা দ্বারা সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে রোগীদের সেবা প্রদান করা হয়েছে এবং রোগীদের কাছ থেকে আদায়কৃত অর্থ দিয়ে পুন:রায় এক্স-রে মেশিনের ফিল্ম ক্রয় করার বিষয়ে আলোচনা করেন।<br><br>(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন আগামী ১-৭ আগস্ট বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০১৮ পালন করা হবে। তিনি উপস্থিত চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদগণ সহ সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে, রোগীদের কাছ থেকে আদায়কৃত অর্থ দিয়ে পুন:রায় এক্স-রে মেশিনের ফিল্ম ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০১৮ পালনে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিকরগাছা ও চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ |
| ০৭ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা বলেন ঝিকরগাছা পৌরসভা, উপজেলা পরিষদের পৌরকর পরিশোধ করার তাগিদ দিলেও পৌরসভা অদ্যাবধি ব্যবহৃত উপজেলা পরিষদ ভবনের ভাড়া পরিশোধ করেন না। পৌরসভা সৃষ্টিলগ্ন থেকে তারা এ ভবনটি ব্যবহার করে আসছে। উপজেলা পরিষদ মাসিক সভায় বারবার এবিষয়ে আলোচনা এবং উপজেলা পরিষদের অনুকূলে ভাড়া পরিষদের তাগিদ দিলেও পৌরসভা কর্তৃপক্ষ ভাড়া প্রদান থেকে বিরত আছে। বিষয়টি দুঃখজনক। তিনি বলেন আরও বলেন যে, বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরও বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত উপজেলা পরিষদ ভবনে ঝিকরগাছা পৌরসভা দীর্ঘদিন ধরে অফিসের কার্যক্রম পরিচালনা করছে। | ঝিকরগাছা পৌরসভা ব্যবহৃত উপজেলা পরিষদ ভবনের ভাড়া পরিশোধ করার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার বিষয়সহ পৌরসভার কার্যক্রম তার নিজস্ব জায়গায় স্থানান্তর করার বিষয়ে পত্রালাপ করার সর্বসম্মতি-ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা |

চলমান পাতা-০৩

Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | সেচযন্ত্র লাইসেন্স | উপজেলা কৃষি অফিসার, ঝিকরগাছা, যশোর বলেন কৃষি কাজে সেচযন্ত্র অপরিহার্য। উপজেলা পর্যায়ে সেচযন্ত্র প্রত্যাশীদের আবেদনের প্রেক্ষিতে উপজেলা সেচ কমিটি যাচাই-বাছাই পূর্বক সেচ লাইসেন্স প্রদানের বিধান আছে। সমন্বিত ক্ষুদ্রসেচ নীতিমালা ২০১৭ অনুযায়ী পদাধিকার বলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপজেলা সেচ কমিটির সভাপতির দায়িত্ব পালন করে থাকেন। কিন্তু কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮ (প্রকাশ কাল: জানুয়ারি ২৮, ২০১৮) এ উপজেলা সেচ কমিটির সভাপতির পদটির স্পষ্টতা নেই এবং পরবর্তিতে এবিষয়ে বিধি জারী করা হবে মর্মে গেজেটে উল্লেখ আছে। সেকারণে বেশ কিছুদিন উপজেলা সেচ কমিটির কার্যক্রম স্থগিত রাখা হয়েছিল। বর্তমানে কৃষকদের আবেদনের প্রেক্ষিতে এবং বর্তমান প্রেক্ষাপট বিবেচনা করে উপজেলা সেচ কমিটির কার্যক্রমের চালু না করলে অত্র উপজেলায় কৃষিতে মারাত্মক ক্ষতির সম্মুখীন হওয়ার সম্ভবনা আছে। সেকারণে উপজেলা সেচ কমিটির কার্যক্রম পুন:রায় চালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়েকে অনুরোধ করেন। বিষয়টি নিয়ে আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা সেচ কমিটির কার্যক্রম চালানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার, ঝিকরগাছা ও সহকারী প্রকৌশলী (বিএডিসি), যশোর |
| ০৯ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী বলেন, গত ০২ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত জেলা কনডেমনেশন কমিটির সভার সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, ঢাকা থেকে ঝিকরগাছা উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত গণপূর্ত বিভাগের জরাজীর্ণ কোর্ট ভবন ও হাজতখানা পরিত্যাক্ত ঘোষণার প্রস্তাব অনুমোদনসহ সর্বোচ্চ দর প্রাপ্তির নিশ্চয়তা বিধানপূর্বক এতদসংক্রান্ত সকল বিধি-বিধান/পরিপত্র/সার্কুলার যথাযথ ভাবে অনুসরণ করতঃ নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রশাসনিক অনুমতি পাওয়া গেছে। ইতোমধ্যে উক্ত ভবন নিলামের মাধ্যমে বিক্রির প্রাথমিক প্রক্রিয়া শুরু করা হয়েছে। আনুমানিক আগামী ০১ (এক) মাসের মধ্যে এই নিলাম প্রক্রিয়া সম্পন্ন হবে। সেকারণে উক্ত ভবনে অবস্থিত সহকারীকমিশনার(ভূমি), ঝিকরগাছা, সাব-রেজিস্ট্রার, ঝিকরগাছা ও সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ঝিকরগাছা, যশোরের দপ্তর অন্যত্র স্থানান্তরের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। | বিস্তারিত আলাপ আলোচনার পর উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত গণপূর্ত বিভাগের জরাজীর্ণ কোর্ট ভবন ও হাজতখানা ভবনে অবস্থিত সহকারী কমিশনার (ভূমি), ঝিকরগাছা, সাব-রেজিস্ট্রার, ঝিকরগাছা ও সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ঝিকরগাছা, যশোরের দপ্তর অন্যত্র স্থানান্তরের জন্য অনুরোধ করা হলো। | সহকারী কমিশনার (ভূমি), ঝিকরগাছা, সাব-রেজিস্ট্রার, ঝিকরগাছা ও সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ঝিকরগাছা ও উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |
| | | উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বিভিন্ন আবাসিক ভবনের বসবাসকারীগণ দিনে/রাতের বেলায় জানালা খুলে রাখলে জানালা দিয়ে বিভিন্ন মূল্যবান সামগ্রী চুরি হচ্ছে মর্মে বসবাসকারীগণ জানিয়েছেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | বিস্তারিত আলাপ আলোচনার পর আবাসিক ভবন সমূহের জানালায় উন্নতমানের গ্রীলের নেট লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়। নেট লাগানোর জন্য একটি প্রাক্কলন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী ঝিকরগাছাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |
| | | উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার পোরসের প্লিন্থ উচ্চতা ভবনের সংযোগকারী সড়ক হতে নীচু থাকায় বর্ষার সময় কোয়ার্টারের পোরসের নীচে পানি জমে যায়। ফলে কোয়ার্টারের প্রবেশে বিশেষভাবে অসুবিধার সৃষ্টি হয়। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনাকালে উপজেলা প্রকৌশলী প্রস্তাব করেন যে, জরুরীভিত্তিতে কোয়ার্টারের পার্শ্বে মাটির ড্রেন কেটে পানি নিষ্কাশন করা যেতে পারে এবং পোরসের নীচে ইটের সোলিং দ্বারা উচ্চতা বৃদ্ধি করা যেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলাপ আলোচনার পর জরুরীভিত্তিতে কোয়ার্টারের চারিপার্শ্বে মাটির ড্রেন কেটে দ্রুত পানি নিষ্কাশন করা এবং পোরসের নীচে ইটের সোলিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। এই কাজ সম্পাদন করতে কি পরিমান খরচ হবে তার একটি প্রাক্কলন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |



Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে বিভিন্ন কাজের জন্য আগত মহিলাগণ তাহাদের সংগে থাকা শিশুদের মাতৃ দুগ্ধদানের জন্য দপ্তর সংলগ্ন স্থানে একটি মাতৃ দুগ্ধদান সেন্টার আছে। যাহা তুরাম্বিত কোন নিরাপত্তা বেষ্টনী নেই এবং আগত সেবা প্রত্যাশী মহিলাগনের কোন শৌচাগার নেই ফলে বিভিন্ন সময়ে তারা বিব্রতকর অবস্থায় পড়ে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। উপজেলা প্রকৌশলী বলেন উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের থোক বরাদ্দের ব্যবহার নির্দেশিকার ৬নং টেকার (খ) ও (ঘ) খাতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | বিস্তারিত আলাপ আলোচনার পর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় সংলগ্ন মাতৃ দুগ্ধদান সেন্টারের নিরাপত্তা বেষ্টনী নির্মাণসহ একটি টয়লেট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজ সম্পাদন করতে কি পরিমান খরচ হবে তার একটি প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তি সভায় দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |
| | | উপজেলা প্রকৌশলী জানান যে, কায়েমকোলা- ছুটিপুর রাস্তায় দুইপার্শ্বের পুকুরগুলি মালিকগণ এমনভাবে খনন করেছে যে, বর্ষার ফলে রাস্তার পাড়ের মাটি ধসে রাস্তার ক্ষতিসাধিত হচ্ছে। ফলে যানবাহন ও জন সাধারণ ঝুঁকিপূর্ন অবস্থায় চলাচল করছে। যে কোন সময়ে দুর্ঘটনা হতে পারে। তিনি বলেন পুকুর মালিকগণকে পুকুর পাড় বাঁধায় করার জন্য বলা হয়েছে। কিন্তু তারা কর্ণপাত করছে না। [illegible] কারণে সরকারী অর্থে উন্নয়নকৃত রাস্তার ক্ষতি সাধিত হচ্ছে। জরুরীভিত্তিতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | বিস্তারিত আলাপ আলোচনার পর কায়েমকোলা- ছুটিপুর রাস্তায় দুইপার্শ্বের পুকুর মালিকদের বিরুদ্ধে সরকারী সম্পত্তি বিনষ্ট করা এবং সরকারী আইন অমান্য করার কারণে তাহাদের বিরুদ্ধে [illegible] গ্রহণের জন্য চেয়ারম্যান মাগুরা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা ও চেয়ারম্যান, মাগুরা ইউপি |
| | | চেয়ারম্যান, নির্বাসখোলা ইউপি বলেন যে, তার ইউনিয়ন পরিষদ ভবনটি জরাজীর্ণ হওয়ায় নূতন কমপ্লেক্স ভবন নির্মাণ [illegible] উপজেলা প্রকৌশলীর দপ্তরে অনেক পূর্বে জমা দেওয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি এতদ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা জানা যায় নেই। উপজেলা প্রকৌশলী বলেন, নূতন স্থানে নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রস্তাব সংক্রান্ত সকল কাগজপত্র জেলা প্রশাসক যশোরে সুপারিশসহ গত ২১ মে ২০১৮ খ্রিঃ তারিখ উপজেলা নির্বাহী অফিসার দপ্তরে প্রেরণ করা হয় এবং উক্ত প্রস্তাবটি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় গত ২২ মে ২০১৮ খ্রিঃ তারিখে জেলা প্রশাসক, যশোর মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করেন। | বিস্তারিত আলাপ আলোচনার পর জরুরী ভিত্তিতে [illegible] কমপ্লেক্স ভবন নির্মাণ বিষয়ে জেলা প্রশাসক, যশোর মহোদয়ের কার্যালয়ে যোগাযোগ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |
| | | চেয়ারম্যান, গঙ্গানন্দপুর ইউপি বলেন, গঙ্গানন্দপুর- কানারশাড়ী মোড় হতে গদাডুমুরিয়া সড়কটি অতিবর্ষণে নদী তীরবর্তী কিছু অংশে কার্পেটিং সহ ভেঙ্গে গেছে। ফলে জনসাধারণের চলাচলে বিশেষভাবে অসুবিধা হচ্ছে। জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনার পর জরুরী ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এই বছর এডিপি বরাদ্দ না থাকায় ইউনিয়ন পরিষদের এলজিএসপি/ স্থাবর সম্পত্তি হস্তান্তর কর তহবিল হতে মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা ও চেয়ারম্যান গঙ্গানন্দপুর ইউপি |
| | | উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের সীমানা প্রাচীর (অংশ বিশেষ) নির্মান করার জন্য গত ২৬-০২-১৮ তারিখে দরপত্র আহবান করা হয় এবং অনুমোদিত প্রাক্কলন অনুসারে কাজ আরম্ভ করার পর উপজেলা পরিষদের বেদখল জমি উদ্ধার হওয়ার পর সেখানেও প্রাচীর নির্মান করতে গিয়ে প্রাক্কলন সংশোধন করা প্রয়োজন হয়। সে মোতাবেক একই অর্থের মধ্যে রিকাষ্ট প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত রিকাষ্ট প্রাক্কলনটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | বিস্তারিত আলাপ আলোচনার পর কাজের স্বার্থে বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থাকায় উপস্থাপনকৃত রিকাষ্ট প্রাক্কলন অনুমোদন করা হয়। রিকাষ্ট প্রাক্কলন অনুসারে কাজ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |

Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঝিকরগাছা বলেন, উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলে তার দপ্তর পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটি হতে প্রেরিত প্রকল্প প্রস্তাবগুলি প্রেরণ করা হলেও প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হয় না। একারণে স্থায়ী কমিটির সভা করার নিরুৎসাহী হতে হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনাকালে উপজেলা প্রকৌশলী বলেন উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলে প্রকল্প প্রস্তাব গ্রহণ বা বাতিল করার বিষয়ে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার ৭নং অনুচ্ছেদ ৪নং উপ-অনুচ্ছেদ অনুসারে পরিষদে ন্যাস্ত। বিভাগীয় দপ্তরের বিভাগীয় প্রধানগণ আন্তঃইউনিয়ন প্রকল্প সমূহ এবং বিভাগীয় প্রকল্পসমূহ প্রনয়ণ পূর্বক উপজেলা পরিষদে উপস্থাপন করবেন। উপজেলা প্রকল্প বাছাই কমিটি প্রকল্প প্রস্তাবসমূহ জনগুরুত্বপূর্ন বিবেচনায় যাচাই বাছাই করতঃ চুড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করা হয়। এক্ষেত্রে উপজেলা প্রকৌশলীর ভূমিকা নগন্য। উপজেলা পরিষদ যে প্রকল্পগুলি চুড়ান্ত অনুমোদন প্রদান করে সেই সকল প্রকল্পের কারিগরি নির্দেশনা প্রদান করে থাকে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | স্থায়ী কমিটির প্রস্তাবসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |
| | | উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলে [illegible] গৃহীত ৬৩ টি প্রকল্পের মধ্যে ২৮টি প্রকল্প কমিটির মাধ্যমে ও ৩৫টি প্রকল্প দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। যাতে এডিপি থোক বরাদ্দে ৫২.৪৮ লক্ষ টাকা এবং রাজস্ব উদ্বৃত্ত খাতে ৫৪.৭৭৬৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। কাজের ভৌত অগ্রগতি [illegible] আলোচনা করা হয়। | বিস্তারিত আলাপ আলোচনার পর এডিপি [illegible] অনুমোদন করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করায় কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |
| | | উপজেলা প্রকৌশলী জানান যে, ঝিকরগাছা উপজেলা বিগত অতি বর্ষনে ফলে ছুটিপুর বাজার সংলগ্ন ব্রীজ এবং ব্যাংলা বাজার সংলগ্ন ব্রীজ দুইটি এ্যাপ্রোচের কিছু মাটি বৃষ্টির পানিতে ধসে যায় ফলে ব্রীজ দুইটিতে যানবাহন ও লোকজন চলাচলের জন্য বিপদ অবস্থায় উপনীত হয়। যেকোন সময়ে বড় ধরণের দূর্ঘটনা ঘটার আশংকা দেখা দেয়। বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার পর তাদের নির্দেশনা ও পরামর্শ মোতাবেক ব্রীজ দুইটি রক্ষা ও এ্যাপ্রোচ চলাচলযোগ্য করবার লক্ষ্যে চটের বস্তায় বালি ভর্তি করিয়া ব্রীজ এ্যাপ্রোচে রিপ র‍্যাপ করে ব্রীজ দুইটি রক্ষা করাসহ এ্যাপ্রোচ সচল রাখা হয়। উক্ত কাজ সম্পন্ন করতে মোট = ৩৯,৮৪৯/- টাকা মাত্র খরচ হয়েছে। যা জরুরীভিত্তিতে স্থানীয়ভাবে ঋণ করে সম্পন্ন করা হয়েছে। বিলটি পরিশোধ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | বিস্তারিত আলাপ আলোচনার পর জরুরী রক্ষণাবেক্ষন ব্যয় বাবদ = ৩৯,৮৪৯/- টাকা অনুমোদন করা হয়। এই ব্যয় উপজেলা রাজস্ব তহবিলে অপ্রত্যাশিত ব্যয় খাত হইতে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |
| | | উপজেলা প্রকৌশলী জানান, ঝিকরগাছা উপজেলায় ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম কাম মাল্টি পারপাস হলরুম নির্মাণ করার জন্য জরুরীভিত্তিতে স্থান নির্বাচন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | বিস্তারিত আলাপ আলোচনার পর উপস্থিত সকল কর্মকর্তাগণ উপজেলা পরিষদ চত্বরে ভেটেরিনারী ভবনের পিছনে উম্মুক্তস্থানে ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম কাম মাল্টি পারপাস হলরুম নির্মাণ করার জন্য মত প্রকাশ করেন এবং মাটি পরীক্ষা ও হলরুম নির্মাণ করা যাবে কিনা তার কারিগরি পরামর্শ প্রদানের জন্য প্রতিবেদন আকারে দাখিল করার জন্য উপজেলা প্রকৌশল কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |

Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলা পরিষদের পুরাতন টিটিডিসি ভবন-১, ২ ও হলরুম নিলাম বিক্রয়ের মাধ্যমে অপসারণ না করা পর্যন্ত নুতন ভবন নির্মাণ করা যাচ্ছে না। ফলে নুতন ভবন নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার কাজ আরম্ভ করতে না পারায় ক্ষতিপূরণ দাবি করছেন। এমতাবস্থায় জরুরীভিত্তিতে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে নিলাম বিক্রয়ের মাধ্যমে পুরাতন ভবন অপসারণ পূর্বক নুতন প্রশাসনিক ভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলাপ আলোচনার পর জরুরীভিত্তিতে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে নিলাম বিক্রয়ের সংশোধিত প্রশাসনিক অনুমোদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা ও উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছাকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা ও উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা |
| ১০ | ইউনিয়ন পরিষদ [illegible] মূল্যায়ণ | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা বলেন ২০১৭-১৮ [illegible] পাওয়া গেছে। কাজেই, উর্দ্ধতন কর্তৃপক্ষের যাচিত ছক মতে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি বছরের ন্যায় ২০১৭-১৮ অর্থ বছরের ইউনিয়ন পরিষদ কর্মকান্ড মূল্যায়ণ হেতু সময়সূচি নির্ধারণ পূর্বক ইউনিয়ন পরিষদ পরিদর্শন করা হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ২০১৭-১৮ সনের ইউনিয়ন পরিষদ কর্মকান্ড [illegible] একটি সিডিউল করার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং এবিষয়ে সহযোগীতা করার জন্য চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা |
| ১১ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, আসন্ন পবিত্র ঈদ-উল আজহা উপলক্ষ্যে ঝিকরগাছা উপজেলায় প্রায় ছয়হাজার গবাদিপশু কোরবানীর জন্য প্রস্তুত করা হচ্ছে। ইতিমধ্যে প্রতিটি ইউনিয়নে একটি করে ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। যারা কৃষক/খামারীগণের গবাদিপশুর স্বাস্থ্য সম্পর্কে পরামর্শ প্রদান করে যাচ্ছেন এবং খামারীদের সচেতনতার জন্য নিষিদ্ধ ঘোষিত হরমোন/স্টেরয়েড ইত্যাদি কুফল সম্পর্কে জানানো হচ্ছে। এছাড়াও লিফলেট বিতরণ, খামারীদের সাথে মতবিনিময় এবং উঠান বৈঠক করা হচ্ছে। তারপরও বেশী মুনাফার আশায় কিছু কিছু খামারী নিষিদ্ধ ঘোষিত হরমোন/স্টেরয়েড ইত্যাদি ব্যবহার করতে পারেন। এ ব্যাপারে ইউপি চেয়ারম্যানদের কাছে কোন তথ্য থাকলে সাথে সাথে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অথবা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রতি বছরের ন্যায় এবারও ঈদ-উল আজহা উপলক্ষ্যে পশু হাটগুলিতে প্রাণির সুস্থ্যতা পর্যবেক্ষণ ও পরামর্শ দানের জন্য [illegible] টিমকে সার্বিক সহযোগিতা দানের জন্য সংশ্লিষ্ট হাট কমিটিকে নির্দেশনা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। | পবিত্র ঈদ-উল আজহা উপলক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে ও পশু হাটে কর্মরত ভেটেরিনারি মেডিকেল টিমকে সার্বিক সহযোগিতা করার চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ সহ উপস্থিত সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও চেয়ারম্যান, সকল ইউপি |
| ১২ | ২০১৮-১৯ অর্থবছরে পৌরকর | (ক) উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা বলেন মেয়র, ঝিকরগাছা পৌরসভা ঝিকরগাছা উপজেলা পরিষদের ২০১৮-১৯ অর্থবছরে পৌরকর বাবদ মোট ৪,৯২,১৫০/- (চার লক্ষ বিরানব্বই হাজার একশত পঞ্চাশ) টাকার বিল দাখিল করেছেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>(খ) উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা বলেন মেয়র, ঝিকরগাছা পৌরসভা ঝিকরগাছা উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন ঝিকরগাছা হাট বাজারের বকেয়াসহ ২০১৮-১৯ অর্থবছরে পৌরকর বাবদ মোট ৩০,৮৮,৮৩২/- (ত্রিশ লক্ষ আটাশি হাজার আটশত বত্রিশ) টাকার বিল দাখিল করেছেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে, বিলটি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা |
| ১৩ | বজ্রপাতে নিহতে আর্থিক অনুদান | উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা বলেন গত ১১ জুন ২০১৮ খ্রি: তারিখে উপজেলার পানিসারা ইউনিয়নের কুলিয়া গ্রামের সামছুর রহমানের ছেলে আবুল হোসেন স্থানীয় মাঠে [illegible] উপজেলা নির্বাহী অফিসারের নিকট আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে, বজ্রপাতে নিহত ব্যক্তির আর্থিক অনুদান প্রদানের বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিকরগাছা |

Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা ইনোভেশন বিষয়ক | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ে ইনোভেশন বিষয়ক যে কোন ধরণের কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা পরিষদের সকল কর্মকর্তাকে আহবান জানান। তিনি চলতি অর্থবছরের এডিপিতে ইনোভেশন প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ করেন। এ পর্যন্ত গৃহিত ইনোভেশন কার্যক্রম চলমান রাখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে ও ইনোভেশন কমিটির সভা নিয়মিত করার অনুরোধ করা হয়। | উপজেলা পর্যায়ে ইনোভেশন কার্যক্রম চলমান রাখার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়। | সদস্য সচিব, উপজেলা ইনোভেশন কমিটি ও বিভাগীয় প্রধানগণ, ঝিকরগাছা, যশোর |
| ১৫ | বিবিধ | (ক) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর, বলেন, উপজেলা পরিষদের পুরাতন টিটিডিসি ভবন-১, ২ ও হলরুম নিলামে বিষয়ের জন্য বহুল প্রচারের নিমিত্ত জাতীয় ও স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রদান করা হয়। উক্ত বিজ্ঞাপনের বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা, যশোর পত্র প্রেরণ করেছেন। দৈনিক গ্রামের কাগজ, যশোরের (প্রকাশ কাল: ১০.৪.২০১৮) ৪,৮৮৭/- টাকার বিল, মি: স্বপন চক্রবর্তী, ঝিকরগাছা, যশোর উপজেলা পরিষদ, ঝিকরগাছা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জুলাই ২০১৭ হতে জুলাই ২০১৮ পর্যন্ত দৈনিক খবরের কাগজ সরবরাহ করা বাবদ মোট ১০,৯২০/- (দশ হাজার নয়শত বিশ) টাকার বিল, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা পরিষদ কার্যালয়, ঝিকরগাছা এর ইলেকট্রিক, পানির লাইন, কনস্ট্রাকশন ও রংকরণে বিভিন্ন প্রতিষ্ঠান বিল দাখিল করেছেন। বিলের বিবরণ হলো: প্রজেক্টর মেরামত করা বাবদ সোহেল ইলেকট্রিক, ঝিকরগাছার ১,৬৫০/- টাকার বিল, উপজেলা পরিষদের বৈদ্যুতিক লাইন মেরামত করা বাবদ করা বাবদ সোহেল ইলেকট্রিক, ঝিকরগাছার ১,৫৭৯/- টাকার বিল, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে বৈদ্যুতিক লাইন মেরামত করা বাবদ নিশান ইলেকট্রিক, ঝিকরগাছার ৪৭৫/- টাকার বিল, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সহকারী প্রোগ্রামার (আইসিটি) এর কার্যালয় রং করা বাবদ মা হার্ডওয়ার এন্ড গ্লাস হাউজ, ঝিকরগাছার ৬,৯০০/- টাকার বিল, মাননীয় এমপি মহোদয়ের জন্য একটি রুম রং করা বাবদ মা হার্ডওয়ার এন্ড গ্লাস হাউজ, ঝিকরগাছার ৩,০৬৫/- ও ১০,০৪৫/- টাকার বিল এবং উভয় রুমের লেবার খরচ বাবদ ৬,৬০০/- টাকা ও ৪,৩০০/- টাকার বিল, উপজেলা পরিষদ কার্যালয়ে পানির ওসমোসিস প্লান্ট স্থাপন করার বাবদ মেসার্স আসাদ স্যানিটারি এন্ড হার্ডওয়ার স্টোর, ঝিকরগাছার ৯,১২০/- টাকা ও ফ্রেন্ডস ওয়াটার ম্যাশিনারিজ, খুলনার ১১,২৮০/- টাকার বিল সহ সর্বমোট ৫৫,২২৪/- টাকার বিল, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি বাধাই করা বাবদ শোভা ছবি বাধাই ঘর, যশোরের ১,১০০/- টাকার বিল, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অতিথি আপ্যায়ন করা বাবদ নিউ বিসমিল্লাহ হোটেল এন্ড রেষ্টুরেন্ট, ঝিকরগাছার ২,৪৪০/- টাকা, সফি হোটেল, ঝিকরগাছার ১,৪৪০/- টাকা ও ১,৬৯০/- টাকার বিল, ডিডিএলজি, যশোর মহোদয়ের আপ্যায়ন করা | বিস্তারিত আলোচনান্তে, বর্ণিত কাজের বিপরীতে প্রাপ্ত বিলগুলির খরচসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা |

Scanned by CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাবদ কবির হোটেল, ঝিকরগাছার ৪,০৭৫/- টাকা ও ১,০১৫/- টাকার বিল, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অতিথি আপ্যায়ন করা বাবদ নিউ বিসমিল্লাহ হোটেল এন্ড রেষ্টুরেন্ট, ঝিকরগাছার ১,৫৮০/- টাকার বিল, ০২ (দুই) দিন প্রচার করা বাবদ বশীর ভয়েজ প্রচার এন্ড রেকর্ডিং সেন্টার, ঝিকরগাছার ১,৮০০/- টাকার বিল, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কলস ক্রয় করা বাবদ টি আর বাসনালয়, ঝিকরগাছার ৫০০/- টাকা ও ৫,৪৫০/- টাকার বিল, নকশী কাঁথা ক্রয় করা বাবদ সোহান সোহানুর লিখন বস্ত্রালয়, ঝিকরগাছার ৭,৫০০/- টাকার বিল সহ সর্বমোট ২৮,৫৯০/- টাকার বিল সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান দাখিল করেছেন। বিলগুলি উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুরোধ জানান। বিলগুলি নিয়ে আলোচনা হয়। | | |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(নাহিদ আক্তার)
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ঝিকরগাছা, যশোর।

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৪.৪১৯১.০২৩.০১.০৩৩.১৮ তারিখ ঃ ৩১ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতির জন্যঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৬ যশোর-২ (চৌগাছা- ঝিকরগাছা)।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

৪। জেলা প্রশাসক, যশোর।
৫। উপ পরিচালক, স্থানীয় সরকার, যশোর।

অবগতি ও কার্যার্থেঃ

৬। মেয়র, ঝিকরগাছা পৌরসভা, ঝিকরগাছা, যশোর।
৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর।
৮। উপজেলা ........................................................ কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
৯। চেয়ারম্যান, গঙ্গানন্দপুর, মাগুরা, শিমুলিয়া, গদখালী, পানিসারা, ঝিকরগাছা, নাভারণ, নির্বাসখোলা, হাজিরবাগ, শংকরপুর ও বাঁকড়া ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
১০। জনাব ........................................................................................, ঝিকরগাছা, যশোর।

(মোঃ জাহিদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ঝিকরগাছা, যশোর।

Scanned by CamScanner